# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩৮

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৫. যিনি বলেন, (ইসতিহাযাগ্রস্ত মহিলা) যুহর হতে (পরদিন) যুহর পর্যন্ত (একবার) গোসল করবে, স্বামীর সাথে মিলিত হবে এবং সিয়াম পালন করবে

بَابُ مَنْ قَالَ تَغْتَسِلُ مِنَ الظُّهْرِ إِلَى الظُّهْرِ، وَتُجَامِعُ وَتَصُومُ

## আরবী

أَخْبَرَنَا مَرْوَانُ عَنْ بُكَيْرِ بْنِ مَعْرُوفٍ عَنْ مُقَاتِلِ بْنِ حَيَّانَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يَقُولُ فِي الْمُسْتَحَاضَةِ تَغْتَسِلُ مِنْ ظُهْرٍ إِلَى ظُهْرٍ قَالَ مَرْوَانُ وَهُوَ قَوْلُ الْأَوْزَاعِيِّ

إسناده حسن

## বাংলা

৮৩৮. নাফি’ (আব্দুল্লাহ) ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেন, তিনি বলতেন: ইসতিহাযাগ্রস্ত মহিলা এক যুহর সালাত হতে অপর যুহর সালাত পর্যন্ত একবার গোসল করবে।[1]

মারওয়ান বলেন: এটি আওযাঈ’রও মত।

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ বুকাইর ইবনু মা’রুফ এর কারণে হাসান।

তাখরীজ: আবু দাউদ তার সুনান ১/২১১ তে বলেন: এটি ইবনু উমার, আনাস ইবনু মালিকের বক্তব্য যে, “সে এক যুহর হতে অপর যুহর পর্যন্ত একবার গোসল করবে।” আরও দেখুন, মুসান্নাফে আব্দুর রাযযাক নং ১১৬৭।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76215

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন